রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ২, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/০২ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং-২৭২-আইন/২০২৬/৩৬৮-মুসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশের ফুটবলপ্রেমী দর্শকদের FIFA World Cup-2026 এর খেলা উপভোগ করার সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কর্তৃক FIFA World Cup-2026 এর All Media Rights প্রচারস্বত্ব ক্রয়ের বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(ক) শুধমাত্র বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কর্তৃক FIFA World Cup-2026 এর All Media Rights প্রচারস্বত্ব ক্রয়ের বিপরীতে পরিশোধযোগ্য ব্যয়ের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;

(খ) FIFA World Cup-2026 এর All Media Rights প্রচারস্বত্ব ক্রয়ের বিপরীতে পরিশোধযোগ্য অর্থের যাবতীয় হিসাব বিবরণী বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অর্থ পরিশোধের দশ (১০) দিনের মধ্যে অবহিত করিতে হইবে;


**মূল্য :** টাকা ৪.০০

Downloaded from www.taxvatpoint.com

(গ) সাব-লাইসেন্সি প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না; এবং

(ঘ) FIFA World Cup-2026 এর All Media Rights প্রচারস্বত্ব ব্যতীত বাংলাদেশের অভ্যন্তরে গৃহীত অন্য কোনো সেবা সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবে না।

২। উপরিউক্ত শর্তাবলি সঠিকভাবে প্রতিপালিত না হইলে প্রযোজ্য মূল্য সংযোজন কর আইনানুগ পন্থায় আদায়যোগ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ২৩ জুন, ২০২৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

Downloaded from www.taxvatpoint.com

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Downloaded from www.taxvatpoint.com